# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৭৪. প্রচারের উদ্দেশ্য ছাড়া হাজীদের কোন হারানো জিনিস রাস্তা থেকে উঠিয়ে নেয়া

আব্দুর রহমান বিন্ 'উসমান তাইমী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ لُقَطَةِ الْحَاجِّ

"রাসূল (সা.) হাজীদের হারানো কোন জিনিস (প্রচারের উদ্দেশ্য ছাড়া) রাস্তা থেকে উঠিয়ে নিতে নিষেধ করেছেন"।[1]

আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

وَلاَ يَلْتَقِطُ إِلاَّ مَنْ عَرَّفَهَا

"মক্কার রাস্তা-ঘাটে পড়ে থাকা হারানো কোন জিনিস প্রচারের উদ্দেশ্য ছাড়া কেউ যেন উঠিয়ে না নেয়"।[2]

>

ফুটনোট

[1] (স'হী'হুল-জা'মি', হাদীস ৬৯৭৯)

[2] (মুসলিম, হাদীস ১৩৫৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11324

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন